# কসভেট বোলাস

**(সালফাডায়াজিন ইউএসপি, সালফাডিমিডিন বিপি, সালফাপাইরিডিন ইউএসপি, স্ট্রেপটোমাইসিন সালফেট ইউএসপি)**

**(শুধুমাত্র পশু চিকিৎসার জন্য উপযোগী)**

**কার্যকরী উপাদান ঃ**

প্রতিটি কসভেট বোলাসে আছে -

| | |
|---|---|
| সালফাডায়াজিন ইউএসপি | ১.৫৮৩ গ্রাম |
| সালফাডাইমিডিন বিপি | ১.৫৮৩ গ্রাম |
| সালফাপিরিডিন ইউএসপি | ১.৫৮৩ গ্রাম |
| স্ট্রেপটোমাইসিন সালফেট ইউএসপি | ০.৩১৩ গ্রাম |

**কার্যকারীতা ঃ**

কসভেট তিনটি বর্ধিষ্ণু কার্যকারীতাসম্পন্ন সালফোনেমাইড এবং স্ট্রেপটোমাইসিন সালফেট এর সংমিশ্রনে তৈরী ডায়রিয়া এবং আমাশয় বিরোধী অত্যন্ত কার্যকরী ঔষধ।

**ব্যবহার ক্ষেত্র ঃ**

- ডায়রিয়া বা পাতলা পায়খানা।
- আমাশয়।
- অন্ত্রনালীর প্রদাহ।
- বাছুরের সাদা উদরাময় এবং রক্ত আমাশয়।

**মাত্রা ও প্রয়োগবিধি ঃ**

**প্রথমদিন :** প্রতি ৩৫ কেজি দৈহিক ওজনের জন্য ১টি বোলাস খাওয়াতে হবে।

**দ্বিতীয় দিন :** প্রতি ৩৫ কেজি দৈহিক ওজনের জন্য ১/২ (অর্ধেক) টি বোলাস ২৪ ঘন্টা পর পর ৩-৫ দিন খাওয়াতে হবে। জটিল রোগের ক্ষেত্রে প্রয়োজনে ৭ দিন খাওয়াতে হবে।

**সংবেদনশীলতা ঃ**

কিডনির সমস্যা আছে কিংবা সালফোনেমাইড এ অতিসংবেদনশীল পশুকে কসভেট দিয়ে চিকিৎসা করা যাবে না।

**সাবধানতা ঃ**

- চিকিৎসা চলাকালীন সময়ে পশুকে পর্যাপ্ত পরিমান পানি খাওয়াতে হবে।
- দীর্ঘ মেয়াদী চিকিৎসার ক্ষেত্রে পশুর প্রতি সজাগ দৃষ্টি রাখতে হরে।

**সংরক্ষণ ঃ**

ঠান্ডা ও শুষ্ক স্থানে, আলো থেকে দূরে এবং শিশুদের নাগালের বাইরে সংরক্ষণ করুন।

**সরবরাহ ঃ**

প্রতি বাক্সে আছে ৫ x ৪ টি বোলাস।

প্রতি বাক্সে আছে ১০ x ২ টি বোলাস।

**প্রস্তুতকারক:**

**গ্লোব ফার্মাসিউটিক্যালস্ লিঃ**
প্রাণি স্বাস্থ্য বিভাগ
নোয়াখালী, বাংলাদেশ